# সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
# सेन्ट्रल बैंक ऑफ़ इंडिया
# Central Bank of India

**রিজিওনাল অফিস: কলকাতা নর্থ**
৪ নং ফ্লোর, ৩৩, এন এস রোড, কলকাতা-৭০০০০১
মোবাইল নম্বর: ৯১-৮২০৮৮ ০০৭১৭ / ৯১-৯৯৩৭৯ ৮৭৪৪০
ই-মেল: recoverykolknro@centralbank.bank.in


## ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

**পরিশিষ্ট IV-A [রুল ৮(৬)-এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]**
**স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি**

**সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬)-এর সংস্থানসমূহ-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।**

এতদ্দ্বারা জনসাধারণ-সহ বিশেষত সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার (সুরক্ষিত ঋণদাতা) কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ এবং সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার (সুরক্ষিত ঋণদাতা) অনুমোদিত আধিকারিক দ্বারা বাস্তবিক দখল নেওয়া নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর থেকে সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার (সুরক্ষিত ঋণদাতা) পাওনা অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য নিম্নবর্ণিত সম্পত্তিগুলি **'যেখানে যেমন আছে', 'যেভাবে আছে' এবং 'যা কিছু আছে'** ভিত্তিতে বিক্রি করা হবে। অনুমোদিত আধিকারিকের সেরা জ্ঞান ও তথ্য অনুসারে সম্পত্তির ওপর কোনও দায় বিদ্যমান নেই। অবশ্য, বিডাররা অবশ্যই নিজেদের বিড জমা দেওয়ার আগে নিলাম হতে চলা সম্পত্তি সংক্রান্ত দায়, স্বত্ব ও সম্পত্তিকে প্রভাবিত করতে পারে এমন দাবি/ অধিকার/ বকেয়া সম্পর্কে নিজ উদ্যোগে স্বাধীনভাবে অনুসন্ধান চালিয়ে সন্তুষ্ট হয়ে নেবেন। সংরক্ষণ মূল্য এবং বায়না অর্থাঙ্ক (ইএমডি) প্রতিটি সম্পত্তির বিশদ বিবরণে উল্লেখ করা আছে।

| অ্যাকাউন্ট/ ঋণগ্রহীতা ও জামিনদারের নাম | সম্পত্তির বিশদ বিবরণ (ফ্ল্যাট/ দোকান/ জমি/ বাড়ি ইত্যাদি) | প্রপার্টি আইডি | ১৩(২) নোটিসের তারিখ অনাদায়ী রকেয়া (লক্ষ টাকায়) ১৩(৪) নোটিসের তারিখ | সংরক্ষণ মূল্য (আরপি) বায়না জমা (ইএমডি) বিড গুণক (বিআইএ) |
|---|---|---|---|---|
| ১. মেসার্স মান্যতা (Manyta) ট্রেডিং কোং<br>প্রোপ্রাইটর: সুমিত জয়সোয়াল<br>শঙ্কর প্রসাদ জয়সোয়ালের (প্রয়াত) সকল আইনি উত্তরাধিকারী (জামিনদার)<br>শাখা অফিস: উল্টাডাঙ্গা | সামান্য কমবেশি ১ কাঠা ৯ ছটাক ৩৮ বর্গফুট বিভক্ত ও চিহ্নিত নিষ্কর জমি, তৎসহ কমবেশি ২০০ বর্গফুট আয়তনের একটি পুরনো টালি-আচ্ছাদিত কাঠামো এবং সামান্য কমবেশি ৬০০ বর্গফুট আয়তনের (প্রতিটি তলা ৩০০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট) একটি সাধারণ তিনতলা পাকা বাড়ির কাঠামোর অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: পূর্বতন ৮, দাসপাড়া রোড, বর্তমানে ৮সি, কৃত্তিবাস মুখার্জি রোড নামে পরিচিত, বর্তমান থানা- উল্টোডাঙ্গা (পূর্বতন থানা- মানিকতলা), কলকাতা- ৭০০০৬৭, এটি প্লট নং 'জি' নামেও পরিচিত, দক্ষিণ ২৪ পরগনার অধীনে সাব রেজিস্ট্রি অফিস- শিয়ালদহ, হোল্ডিং নং ৩৯, সাব ডিভিশন ৯, ডিভিশন নং ২-এর একটি অংশের অন্তর্ভুক্ত।<br>সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর- প্লট 'এইচ' নামক জমি, যা শ্রীমতী রাজবন্তীকে বিক্রি করা হয়েছিল; দক্ষিণ- প্লট 'এফ' নামক জমি, যা হীরালাল সাউকে বিক্রি করা হয়েছিল; পূর্ব- চিরকুট মহম্মদ চৌধুরীর জমি; পশ্চিম- ৬ ফুট চওড়া সাধারণের যাতায়াতের পথ।<br>স্বত্বদলিল নং I-০৫৯৩৭/২০০৭ এবং I-২৪৩১/১৯৪১ অনুযায়ী সম্পত্তির স্বত্বধারক শঙ্কর প্রসাদ সাউ। | CBINKOL1042MANYTA | ১৫.০৭.২০২১<br>₹৫৪.৫২ লক্ষ<br>০৭.১০.২০২১<br>(প্রতীকী দখল) | আরপি:<br>₹৫৭,৫৪,০০০.০০<br>ইএমডি:<br>₹৫,৭৫,৪০০.০০<br>বিআইএ:<br>₹২০,০০০.০০ |

| ই-নিলাম | সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময় | নিলামের জন্য ইএমডি জমা দেওয়া শুরুর তারিখ ও সময় | ইএমডি অর্থাঙ্ক জমার শেষ তারিখ ও সময় | ই-নিলামের তারিখ ও সময় |
|---|---|---|---|---|
| উপরোক্ত সম্পত্তির ক্ষেত্রে | সম্ভব নয়, কারণ সম্পত্তি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে | ৬ জুলাই, ২০২৬, সকাল ১০টা থেকে | ১৩ জুলাই, ২০২৬ বিকেল ৫টা পর্যন্ত | ১৩ জুলাই, ২০২৬ সকাল ১০টা থেকে সন্ধে ৬টা |

## সারফায়েসি অ্যাক্ট, ২০০২-এর রুল ৮(৬) অধীনে ১৫ দিনের বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি

নিলাম পরিচালিত হবে ব্যাঙ্কের অনুমোদিত সার্ভিস প্রোভাইডার, ই-নিলাম এজেন্সির ওয়েবসাইট https://www.baanknet.com-এর মাধ্যমে। ই-নিলাম এজেন্সির সঙ্গে যোগাযোগ সম্পর্কিত তথ্য হল:

• পিএসবি অ্যালায়েন্স হেল্পডেস্ক নম্বর: +৯১-৮২৯১২ ২০২২০, ই-মেল: **support.baanknet@psballiance.com.**

বিডার রেজিস্ট্রেশন এবং ইএমডি প্রদান/ ফেরত সংক্রান্ত প্রশ্নের ব্যাখ্যা পেতে যোগাযোগ: **support.baanknet@psballiance.com**। অনুগ্রহপূর্বক হেল্পডেস্ক আধিকারিকদের সঙ্গে কাজের দিনে অফিস চলার মেয়াদে যোগাযোগ করবেন।

**যথেষ্ট সময় হাতে থাকতেই নিম্নলিখিত আনুষ্ঠানিকতাগুলি সম্পন্ন করে রাখতে বিডারদের প্রতি পরামর্শ দেওয়া হচ্ছে:**

**ধাপ ১: বিডার/ক্রেতা রেজিস্ট্রেশন:** ই-নিলাম প্ল্যাটফর্ম **https://baanknet.com**-তে নিজের মোবাইল নম্বর ও ই-মেল আইডি দিয়ে বিডারদের রেজিস্ট্রেশন করে নিতে হবে।

**ধাপ ২: কেওয়াইসি যাচাই:** ই-কেওয়াইসি-র অংশ হিসেবে প্রয়োজনীয় নথিগুলি সিস্টেমে যাচাই করা হবে।

অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন, এই ধাপ নং ১ ও ধাপ নং ২ বিডারদের তরফে **যথেষ্ট সময় আগেই সম্পন্ন করে রাখতে হবে।**

**ধাপ ৩: ইএমডি অর্থাঙ্ক:** নিলামের যথেষ্ট আগে/ নিলাম চলার সময় নিজের গ্লোবাল ইএমডি ওয়ালেটে অনলাইন উপায়ে (অর্থাৎ, এনইএফটি/ ট্রান্সফার/ ইউপিআই/ নেটব্যাঙ্কিং) আগ্রহী বিডার/ক্রেতারা ইএমডি অর্থাঙ্ক স্থানান্তর করে দেবেন। গ্লোবাল ইএমডি ওয়ালেটে ইএমডি অর্থাঙ্ক উপলব্ধ না থাকলে, সিস্টেম সংশ্লিষ্ট বিডারকে বিড করতে দেবে না। রেজিস্ট্রেশন, কেওয়াইসি নথি যাচাই এবং ওয়ালেটে ইএমডি স্থানান্তরের কাজগুলি নিলামের নির্ধারিত সময়সীমার যথেষ্ট সময় আগেই সম্পন্ন করে রাখতে হবে। বিডাররা এক বা সমস্ত সম্পত্তির জন্য দরপ্রস্তাব জমা দিতে পারবেন। কেবলমাত্র তাঁর অ্যাকাউন্টে যথেষ্ট ইএমডি থাকলে তবেই কোনও আগ্রহী বিডার ই-নিলামের তারিখে বিড করতে সক্ষম হবেন। বিডিংয়ের সময় বিডারের গ্লোবাল ওয়ালেটে যথেষ্ট ব্যালান্স (ইএমডি অর্থাঙ্কের সমান বা বেশি) থাকতেই হবে। একাধিক সম্পত্তির জন্য দরপ্রস্তাব জমার ক্ষেত্রে প্রত্যেক সম্পত্তির জন্য ইএমডি জমা দিতে হবে। ব্যাঙ্কিংয়ের কারবার অনুযায়ী এই প্রক্রিয়ায় কিছুটা সময় লাগতে পারে এবং সেই কারণে বিডারদের নিজেদের স্বার্থেই শেষ মিনিটের সমস্যা এড়াতে যথেষ্ট সময় হাতে থাকতে প্রাক্-বিড অর্থাঙ্ক জমা করার পরামর্শ দেওয়া হচ্ছে।

ইএমডি/ নিলাম প্রক্রিয়া চলাকালীন বিডিংয়ের সময় অর্থাঙ্ক প্রদানের জন্য অনুগ্রহপূর্বক **https://baanknet.com** ওয়েব পোর্টালে দেওয়া নির্দেশিকা অনুসরণ করুন।

**ধাপ ৪: বিডিং প্রক্রিয়া এবং নিলামের ফলাফল:** ওপরের ধাপ নং ১, ২ ও ৩ সম্পন্ন করার পরে ই-নিলাম প্ল্যাটফর্মে আগ্রহী ও রেজিস্টার্ড বিডাররা অনলাইনে বিড করতে পারবেন।

কোনও সম্পত্তির ক্ষেত্রে মাত্র একজন বিডার থাকলে, সেই একক বিডারকেও ই-নিলামে অংশ নিতে হবে এবং ওপরে সংশ্লিষ্ট সম্পত্তির পাশে উল্লিখিত ও বিড গুণক হিসেবে নির্ধারিত অর্থমূল্যের সমমূল্যের বর্ধিত দরপ্রস্তাব জমা দিতে হবে, যার অন্যথা হলে তাঁকে সফল বিডার হিসেবে ঘোষণা করা হবে না।

ইএমডি/ নিলাম প্রক্রিয়া চলাকালীন বিডিংয়ের সময় অর্থাঙ্ক প্রদানের জন্য অনুগ্রহপূর্বক https://www.baanknet.com ওয়েব পোর্টালে দেওয়া নির্দেশিকা অনুসরণ করুন।

বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য, অনুগ্রহপূর্বক ব্যাঙ্কের **www.centralbankofindia.co.in** ওয়েবসাইটে দেওয়া লিঙ্ক দেখুন।

**তারিখ: ২১ জুন, ২০২৬**
**স্থান: কলকাতা**

**অনুমোদিত আধিকারিক, সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া**
**ই-মেল আইডি: recoverykolknro@centralbank.bank.in**